সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/ ২৬৭

তারিখঃ ০৩ নভেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের মাধ্যমে আমদানিকৃত পণ্য (জেনারেল কার্গো/কুরিয়ার) ২৪/৭ ভিত্তিতে দ্রুত খালাসকরণ প্রসঙ্গে।

সূত্রঃ বিজিএমইএ'র সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২৩২ তারিখঃ ০১/১১/২০২৫ ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা সকলে অবগত আছেন যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমন বন্দরের কার্গো ভিলেজে গত ১৮/১০/২০২৫ইং তারিখে সংঘটিত অগ্নি দূর্ঘটনার ফলে আমদানিকৃত পণ্যসহ সংশ্লিষ্ট গুদামগুলো ধ্বংস প্রাপ্ত হয়ে যাওয়ার ফলে পণ্য সংরক্ষণ ও ডেলিভারী কার্যক্রম বিপর্যস্ত হয়ে পড়েছে। প্রতিদিনই আমদানিকৃত পণ্য চালান যোগ হওয়ার কারণে রানওয়ে সহ যেখানে সেখানে পণ্য চালানগুলো ফেলে রাখা হচ্ছে। ফলে পণ্য চালানগুলো অনিরাপদ ও রোদ বৃষ্টিতে নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। সূত্রোক্ত সার্কুলারসহ একাধিক সার্কুলারের মাধ্যমে এ বিষয়ে আপনাদেরকে অবগত করা হয়েছে।

এই বিপর্যয় মোকাবেলার নিমিত্তে মাননীয় উপদেষ্টা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর সভাপতিত্বে এবং চেয়ারম্যান, সিভিল এভিয়েশন, এমডি, বাংলাদেশ বিমান, কমিশনার, ঢাকা কাস্টম হাউস, জনাব ইনামুল হক খান, সিনিয়র সহ-সভাপতি, জনাব ফয়সাল সামাদ, ডাইরেক্টর, জনাব মোঃ নিসার খান, চেয়ারম্যান, এয়ারপোর্ট সেল বিজিএমইএ, সহ-সভাপতি কুরিয়ার সার্ভিস এসোসিয়েশন, সভাপতি, সিএন্ডএফ এসোসিয়েশন, এমডি, ডিএইচএলসহ সকল স্টেক হোল্ডারদের উর্দ্ধতন কর্মকর্তাদের উপস্থিতিতে গত ২/১১/২০২৫ইং তারিখ বিকেলে বিমান বন্দরে কার্গো ভিলেজে একটি জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত হয় যে, আমদানিকৃত পণ্য চালান আমদানি পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে আমদানিকারক বা মনোনিত সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি কর্তৃক খালাস করে নিতে হবে। অন্যথায় ৪৮ ঘন্টা পর পণ্য চালান ধ্বংস করার পদক্ষেপ নেয়া হবে। আমদানিকৃত পণ্য দ্রুত খালাসের বিষয়ে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত পত্র ও ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

তাই বর্তমানে এই সংকটকালীন সময়ে পোশাক খাতের সাপ্লাইচেইন ব্যবস্থা নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার স্বার্থে আপনাদের আমদানিকৃত পণ্য চালান ৪৮ ঘন্টার মধ্যে খালাস করার জন্য মনোনিত সিএন্ডএফ এজেন্টকে জরুরী নির্দেশনা প্রদান করার জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

৩/১১/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদস্য (পরিচালনা ও পরিকল্পনা) এর দপ্তর
এরোড্রমস এন্ড ফ্যাসিলিটেশন শাখা
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

| MANAGING DIRECTOR & CEO's SECT: | | | |
|---|---|---|---|
| DATE. 02.11.25 | | NO: | |
| DA | | CO.SECY | |
| DMS | | GM PR | |
| DCS | | GM IA | |
| DE&MM | | GM CSQ | |
| DP&LS | | CFS | |
| DFO | | GM SEC. | |
| CFO | | MC | |
| DP | | | |
| DC | | | |

Md. Shafiqur Rahman
Managing Director & CEO
Biman Bangladesh Airlines Ltd.

নং- ৩০.৩১.০০০০.০০০.১০১.০৬.০০০৩.২৫/

২০২৫ খ্রি.

বিষয়: আমদানিকৃত মালামাল দ্রুত খালাস প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ১৮ অক্টোবর ২০২৫ তারিখে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আমদানি কার্গো কমপ্লেক্সে সংঘটিত দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী, পরবর্তীতে সকল আমদানিকৃত মালামাল শুধুমাত্র ০৯ নম্বর গেট দিয়ে খালাস করার নির্দেশ প্রদান করা হয়। এ প্রেক্ষিতে, ০৯ নম্বর গেটে কাস্টমস প্রতিনিধির ২৪ ঘন্টা উপস্থিতি নিশ্চিতপূর্বক মালামাল খালাস কার্যক্রম সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২.০ ইদানিং পরিলক্ষিত হচ্ছে যে, মধ্যরাত থেকে সকাল ০৯০০ ঘটিকা পর্যন্ত ০৯ নম্বর গেটে উক্ত কার্যক্রম সম্পন্ন যথাযথভাবে হচ্ছে না। ফলে আমদানি কার্গো এলাকায় আমদানিকৃত মালামালের পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে, যা মাননীয় উপদেষ্টা মহোদয় কর্তৃক প্রদেয় দ্রুত কার্গো খালাস করার নির্দেশনার সাথে সাংঘর্ষিক এবং বিমানবন্দরের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়াও, এই সকল স্তূপকৃত মালামাল যত্রতত্র রাখার কারনে তা বিমানবন্দরের অপারেশনাল কার্যক্রম ব্যাহত ও অগ্নিঝুঁকি বৃদ্ধি করছে।

৩.০ এমতাবস্থায়, আমদানি কার্গো থেকে আমদানিকৃত মালামাল দ্রুত (২৪ ঘন্টা) খালাস নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩০.১০.২৫

এয়ার কমডোর মোঃ নুর-ই-আলম
এএফডব্লিউসি, পিএসপি, এটিসি
সদস্য (এটিএম) ও (পরিঃ ও পরিঃ) এর (রুটিন দায়িত্ব)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

বিতরণ: (কার্যার্থে):

১। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, বলাকা, ঢাকা
দৃষ্টি আকর্ষন: পরিচালক (কার্গো)।
২। কমিশনার, কাস্টস হাউস, ঢাকা।

অনুলিপি:

১। নির্বাহী পরিচালক, হশাআবি, কুর্মিটোলা, ঢাকা।
২। পিএস টু চেয়ারম্যান, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

Scanned with CamScanner

# ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# Dhaka Customs Agents Association
ASSOCIATION BHABAN: 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, BANGLADESH, Phone : 02222225942

Govt. Reg. No.-2960

**HEAD OFFICE & MAILING ADDRESS**
3/C, New Baily Road, Ramna, Dhaka.
Phone : 8802 41030680
PABX : 8802-41030710
E-mail : dcaa.2009@gmail.com
dcaa.ho@dcaadhaka.org
www.dcaadhaka.org

BRANCH OFFICE

**AIR FREIGHT UNIT OFFICE**
C & F Bhaban
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka-1230
Phone: 41091278

**ASYCUDA WORLD OFFICE**
Custom House (G.F)
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka.
Phone: 41091280

**ICD KAMALAPUR OFFICE**
Custom House, ICD,
Kamalapur, Dhaka-1000
Phone: 58311105, 48311584

**SAVAR OFFICE**
DEPZ Customs Station,
Ganakbari, Savar, Dhaka.
Phone: 02224498266

**ADAMZEE OFFICE**
Adamzee EPZ Customs Station
Siddirganj, Narayanganj

**PANGAON OFFICE**
Pangaon Custom House
Pangaon, Keraniganj
Dhaka

**MUKTERPUR OFFICE**
LC Station, Munshigonj

প্রচারপত্র নং-ডিসিএএ/২০২৫/১৪১

তারিখ ঃ ০৩/১১/২০২৫ইং

## জরুরী বিজ্ঞপ্তি

বিষয়: **শুক্রবার ও শনিবারসহ সকল কর্মদিবসে বিমানবন্দরে আমদানি কার্গো কার্যক্রম নিয়মিতভাবে ২৪/৭ দিন পরিচালনা সংক্রান্ত নির্দেশনা।**

প্রিয় সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম,

বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়ের সম্মানিত উপদেষ্টা ও বিমানবন্দরের আমদানি কার্গো কমপ্লেক্সের সাথে সম্পৃক্ত বন্দর ব্যবহারকারী (Stake Holder)-দের যৌথ সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক জানানো যাচ্ছে যে, **বর্তমান সংকটকালীন সময়ে আমদানি কার্যক্রম স্বাভাবিক রাখার লক্ষ্যে (সকল স্টেকহোল্ডার) সি এন্ড এফ এজেন্টস্ (Clearing & Forwarding Agents)-কে শুক্র ও শনিবারসহ ২৪/৭ প্রতিদিন নিয়মিতভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার নির্দেশনা প্রদান করা হয়েছে।**

সভায় আরও সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, **উক্ত নির্দেশনা বাস্তবায়নে কেউ অসহযোগিতা বা অবহেলা প্রদর্শন করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।**

অতএব, বিমানবন্দরের আমদানি কার্যক্রম নির্বিঘ্ন, দ্রুত ও সময়োপযোগীভাবে সম্পাদনের স্বার্থে সকল সদস্যকে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(মোঃ ফারুক আলম)
সাধারণ সম্পাদক
ফোন ঃ ০১৭১১-৫২০২৭৯

(মোঃ মিজানুর রহমান)
সভাপতি
ফোন ঃ ০১৭১১-৫২১১০৮